

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.১২৮.২০১২- ১৪১

তারিখ : ২৬ জানুয়ারি, ২০১৬

বিষয় : কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের অভ্যন্তরে ই-সেন্টার কাম ভিডিও কনফারেন্স রুম মেরামত।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর-এর স্মারক নং-০০.০০.৫০০০.০৩৯.০৪.০১০.১৫-৯৪৪; তারিখ : ২৬ নভেম্বর, ২০১৫।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলা পরিষদের অভ্যন্তরে ই-সেন্টার কাম ভিডিও কনফারেন্স রুম মেরামতের প্রস্তাবটি বিবেচনার পূর্বে নিম্নরূপ তথ্যাদিসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) উপজেলা পরিষদের ২০১৫-২০১৬ অর্থ বছরের বাজেটে ভিডিও কনফারেন্স রুম মেরামতের লক্ষ্য অর্থের সংস্থান রাখা হয়েছে কিনা;
- (খ) ভিডিও কনফারেন্স রুমের জন্য কি কি মালামাল এসেছে তার একটি তালিকা প্রেরণ;
- (গ) উপজেলা পরিষদের মাসিক সভাসহ বিভিন্ন সভা পরিচালনার জন্য ব্যবহৃত হলরুমটি ভিডিও কনফারেন্স রুম হিসেবে ব্যবহার না করার যৌক্তিক কারণ;
- (ঘ) প্রস্তাবিত ১৫,৪২,২৩১/- (পনের লক্ষ বিয়াল্লিশ হাজার দুইশত একত্রিশ) টাকাকে একটি প্রকল্প হিসেবে গ্রহণ না করে ৩টি ছোট ছোট প্রকল্প করার যৌক্তিক কারণ;
- (ঙ) সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী, এলজিইডির কারিগরি প্রতিবেদন নেয়া হয়েছে কিনা, নেয়া না হলে তার যৌক্তিক কারণ;
- (চ) রাজস্ব তহবিলের অর্থায়নে ১৫,৪২,২৩১/- টাকা ব্যয়ে কনফারেন্স রুম না অন্য কোন রুম মেরামত করা হবে? উক্ত রুমটি মেরামত করা হলে জনগণ কি পরিমাণ সেবা পাবে এবং পরিষদ কতটুকু লাভবান হবে সেসম্পর্কিত যৌক্তিক কারণ;
- (ছ) রাজস্ব তহবিলের স্থিতি (ব্যাংক বিবরণীসহ) প্রেরণ।

J. A. in
26/01/2016

(ড. জুলিয়া মর্সন)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫৬২২৪৭

উপজেলা নির্বাহী অফিসার
দৌলতপুর, কুষ্টিয়া।

অনুলিপি :

- ১। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।